

বঙ্গবন্ধু কৃষি বিশ্ববিদ্যালয়

দু'জন শিক্ষকসহ ৫ জন আহত হওয়ার ঘটনায় দোষী ব্যক্তিদের গ্রেফতার দাবি

গাজীপুর থেকে নিজস্ব সংবাদদাতা : গাজীপুরের সালনায় অবস্থিত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক পরিষদের সভায় বিশ্ববিদ্যালয়ের কতিপয় মৌসুমী শ্রমিকের হাতে দু'জন শিক্ষকসহ ৫ জন আহত হওয়ার ঘটনার তীব্র নিন্দা এবং পানায় মামলা করা সত্ত্বেও দোষী ব্যক্তিদের গ্রেফতার না করায় গভীর ক্ষোভ প্রকাশ করা হয়েছে। শিক্ষক পরিষদের সভাপতি ড. খোরশেদ আলম ভূঁইয়ার সভাপতিত্বে অনুষ্ঠিত এক সভায় সন্ত্রাসী শ্রমিকদের গ্রেফতার না করা পর্যন্ত শিক্ষকরা কালোবাজ ধারণসহ ছাত্র ভর্তি, ক্লাস ও পরীক্ষা গ্রহণ সংক্রান্ত যাবতীয় শিক্ষা কার্যক্রম থেকে বিরত থাকবেন বলেও সিদ্ধান্ত নেয়া হয়। মামলার এজাহারভুক্ত আসামিরা প্রকাশ্যে ঘুরে বেড়ানোয় এবং শিক্ষকদের ছমকি দেয়ায় শিক্ষকরা নিরাপত্তাহীনতায় ভুগছেন বলেও সভায় উল্লেখ করা হয়। উল্লেখ্য, ২৮শে মে বিশ্ববিদ্যালয়ের কতিপয় মৌসুমী শ্রমিক তাদের চাকরি স্থায়ী করার দাবিতে বিক্ষোভ করার সময় তাদের হাতে বিশ্ববিদ্যালয়ের দু'জন

শিক্ষকসহ ৫ জন আহত হন। সাংবাদিক নির্ধাতনের প্রতিবাদ ও নিন্দা জ্ঞাপন। দৈনিক মানবজমিন-এর কুষ্টিয়া প্রতিনিধি নাজমুল ইমামের ওপর দু'কুতকারীদের হামলা এবং গুরুতর আহত করার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানানো হয়েছে গাজীপুর প্রেসক্লাবের পক্ষ থেকে। প্রেসক্লাবের পক্ষ থেকে এক বিবৃতিতে ঘটনার সঙ্গে জড়িত দু'কুতকারীদের গ্রেফতার ও দৃষ্টান্তমূলক শাস্তি এবং একই সঙ্গে আহত নাজমুলের চিকিৎসার দাবি জানানো হয়েছে।